

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬



স্মারক নং: ৩৮.০১.০০০০.৩৪৬.৯৯.০০১.১৬- ১৬৫ (৭)

তারিখ: ২২ মাঘ ১৪২৫
০৪ ফেব্রুয়ারি ২০১৯


বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যমে স্টেটাস/মন্তব্য প্রদান সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫-২০৭ তারিখ ০৩/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইদানিং ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাথমিক শিক্ষা সম্পর্কে নেতিবাচক স্টেটাস/মন্তব্য ও বিভিন্ন অপপ্রচারমূলক তথ্য প্রদান করা হচ্ছে যা “সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬” এর পরিপন্থী। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকারের প্রাথমিক শিক্ষা সংক্রান্ত বিষয়ে নেতিবাচক মন্তব্য ও অপপ্রচারমূলক স্টেটাস/মন্তব্য প্রদান করা হচ্ছে এবং শেয়ার করা হচ্ছে যা প্রাথমিক শিক্ষা তথা সরকারের সিদ্ধান্তের ব্যাপারে বিভ্রান্তি তৈরি হতে পারে। এ ধরনের কার্যক্রম কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

২। বর্ণিতাবস্থায়, “সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬” এর আলোকে ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাথমিক শিক্ষা তথা সরকারের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন ধরনের অপপ্রচার ও বিভ্রান্তিমূলক স্টেটাস/মন্তব্য প্রদান ও শেয়ার করা হতে বিরত থাকার জন্য সকল শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বিষয়টি তাঁর অধিক্ষেত্রের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরি।



সোহেল আহমেদ
অতিরিক্ত সচিব
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ:

- বিভাগীয় উপ-পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা;
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল);
- উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর (সকল);

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা;
- অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালকের সদয় অবগতির জন্য);
- অফিস কপি।